আল্লাহ -আয্যা ওয়া জাল্লা- আমাকে নির্দেশ দেন যে, আমি যেন

তোমাকে (كفروا الذين يكن لم) (সূরা আল-বাইয়্যেনাহ) পড়ে শোনাই।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উবাই ইবন কা‘ব রাদিয়াল্লাহু ‘আনহুকে বলেছেন, আল্লাহ -আয্যা ওয়া জাল্লা- আমাকে নির্দেশ দিয়েছেন যে, আমি যেন তোমাকে كفروا الذين يكن لم) সূরা আল-বাইয়্যেনাহ) পড়ে শোনাই। উবাই বললেন, তিনি কি আমার নাম নিয়েছেন? রাসূল বললেন, “হ্যাঁ”। এ কথা শুনে
উবাই রাদিয়াল্লাহু আনহু কেঁদে ফেললেন। অপর একটি বর্ণনায় এসেছে—উবাই কাঁদতে আরম্ভ করেন।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এ হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উবাই রাদিয়াল্লাহু আনহুকে জানান যে, আল্লাহ তাঁর রাসূলকে নির্দেশ দিয়েছেন, তিনি যেন, উবাইকে আল-বাইয়্যিনাহ সূরাটি পড়ে শোনান। উবাই রাদিয়াল্লাহু আনহু আশ্চর্য হলেন যে এটা কীভাবে হতে পারে? কারণ, নিয়ম হলো, কম মর্যাদাসম্পন্ন ব্যক্তি বেশি মর্যাদাসম্পন্ন ব্যক্তিকে পড়ে শোনাবে, বেশি মর্যাদাসম্পন্ন ব্যক্তি কম মর্যাদাসম্পন্ন ব্যক্তিকে নয়। যখন উবাই রাসূলুল্লাহ থেকে এ কথা নিশ্চিত হলেন যে, আল্লাহ তা‘আলা তার নাম উল্লেখ করেছেন, তখন আল্লাহ তার নাম নিয়েছেন এ খুশিতে তিনি আত্মহারা হলেন এবং কেঁদে ফেললেন।

http://sunnah.global/hadeeth/bn/show/3601